## তখনও জানা ছিল না...

সংহিতা

তখনও জানা ছিল না আদৌ কি
স্বপ্নের ডানা মেলে উড়ে ভেসে
যাচ্ছি ? তখনও জানা ছিল না
ঘড়ির কাঁটা কি করে মেপে
দিচ্ছে গোপন সব ইচ্ছেদের ?
তখনও জানা ছিল না ইতস্ততর
মধ্যেও লুকিয়ে গভীর প্রেমের
ষড়যন্ত্র ! তখনও জানা ছিল না
কি এমন হলে পাহাড় হতে
সমতলে নেমে আসা যায় ?
তখনও জানা ছিল না আমার
রাতের ঘুম চোখ খুললেই
সকালের প্রথম সূর্য পড়বে তার
কপালে !
তখনও জানা ছিল না
রেললাইনের ধার ঘেঁষেই তৈরী
হচ্ছে আরেক রীল ! তখনও
জানা ছিল না আগুন হতে বৃষ্টির
ঝরবে এক ছোঁয়াতেই !
তখনও জানা ছিল না মেঘ গুলো
জমিয়ে পক্ষীরাজে বেড়াতে পারি
স্বপ্নদেশে! তখনও জানা ছিল না
এপার হতে ওপারের সুখ টেনে
নিয়ে যাবেই আমায় বারংবার।
তখনও জানা ছিল না হাড় হিমে
যখন চারিদিক নিস্তব্ধতায় আচ্ছন্ন,
তখন দূরের বাঁশি কাছে নিয়ে
যাবে আমায় সর্ষে ক্ষেতের
ধারে।
তখনও জানা ছিল না আরেকটি
সকাল বয়ে যাবে জলঙ্গী কিংবা
চূর্ণীর খানিক কাছাকাছি।
তখনও জানা ছিল না উধাও হয়ে
আসবে এক স্বপ্নভোর, তখনও জানা ছিল না
কার বাসরে বাজবে নবসুর....
তখনও জানা ছিল না সেতারে বাজবে রঞ্জিনী
পুরোনো সবুজ গাঁথা, তখনও জানা ছিল না
মধুময় বিস্ময় সৃষ্টি সাজাবে গল্পমালা....

* * *